সিভিল লিগ্যাল এইড – আবেদনকারীদের জন্য তথ্য

এই পুস্তিকায় সিভিল লিগ্যাল এইড এবং এডভাইস এন্ড এসিস্টেন্স উভয়েই অন্তর্ভুক্ত আছে

সলিসিটরস – মক্কেলরা ফাইনেন্সিয়াল ইলিজিবিলিটি ফর্ম (আর্থিক যোগ্যতা ফর্ম) পূরণ করার আগে আপনাকে অবশ্যই তাদের এই পুস্তিকাটি দিতে হবে।

এপ্রিল **2010** থেকে বৈধ

আমাদের সঙ্গে যোগাযোগ করুন

আমরা আইনি পরামর্শ প্রদান করি না

লিগ্যাল এইড ইনফর্মেশন লাইন – আপনার নিকটের লিগ্যাল এইড সলিসিটরকে খুঁজে পেতে, লিগ্যাল এইড সম্পর্কে আরও জানতে হলে অথবা পুস্তিকার অর্ডার দেওয়ার জন্য 0845 122 8686 এই নম্বরে কল করুন।

ওয়েবসাইট – www.slab.org.uk
(আমাদের ওয়েবসাইটে আমাদের পরিষেবার মান সম্পর্কেও বিস্তারিত জানতে পারবেন।)

যে ফর্ম আপনাকে পূরণ করতে হবে অথবা আর্থিক যোগ্যতা (ফাইনেন্সিয়াল ইলিজিবিলিটী) সম্বন্ধে যদি আপনার কোনো প্রশ্ন থাকে তাহলে আমাদের আর্থিক মূল্যায়ন দল (ফাইনেন্সিয়াল এসেসমেন্ট ইউনিট) কে 0845 123 2330 এই নম্বরে কল করুন (সপ্তাহের কাজের দিনগুলিতে সকাল 8.30-বিকেল 5টা পর্যন্ত)।

অনুগ্রহ করে মনে রাখবেন প্রশিক্ষন এবং তদারকির প্রয়োজনে আমাদের কাছে করা আপনার কল রেকর্ড করা হতে পারে।

সিভিল লিগ্যাল এইড অফিস

কিছু কিছু সমস্যার ক্ষেত্রে আপনি হয়ত আমাদের সিভিল লিগ্যাল এইড কোনো একটি থেকে বোর্ড নিয়োজিত সলিসিটরের সাহায্য পেতে পারেন। এই কার্যালয়গুলি একমাত্র সেইসব লোকদেরই সাহায্য করতে পারবে যারা আইনি সাহায্য (লিগ্যাল এসিস্টেন্স) পাওয়ার যোগ্য বলে বিবেচিত হয়েছেন কিন্তু আইনি সাহায্য অথবা কোনো সলিসিটরের সাহায্য পেতে অসুবিধা বোধ করছেন।

ওয়েবসাইট **www.slab.org.uk/civiloffice**

এবারডিন: ফোন করুন 0845 267 8077 এই নম্বরে, ই-মেইল করুন contact@pvs.slab.org.uk, 44 ক্যাসল্ স্ট্রীট, এবারডিন, AB11 5BB.

এডিনবরা: ফোন করুন 0131 240 1960 এই নম্বরে, ই-মেইল করুন info@pvs.slab.org.uk এই ঠিকানায়, 2nd ফ্লোর 8 পিকার্ডি প্লেস, এডিনবার্গ, EH1 3JT.

হাইল্যান্ড এন্ড আইল্যান্ড: ফোন করুন 0845 123 2353 এই নম্বরে, ই-মেইল করুন mail@pvs.slab.org.uk এই ঠিকানায়,
2nd ফ্লোর, 16 ইউনিয়ন স্ট্রীট, ইনভার্নেস, IV1 1PL.

আর্জাইল এন্ড বিউট: ফোন করুন 01546 604 106 এই নম্বরে,
আর্জাইল এন্ড বিউট কাউন্সিল অফিসেস, কিলমোরি লকগিল্পহেড, PA31 8RT.

অন্যান্য উপযোগী সংযোগ

বিভিন্ন সংগঠন থেকে বিনামূল্যে পরামর্শ পাওয়া যায় যেমন, সিটিজেনস্ এডভাইস স্কটল্যান্ড (www.cas.org.uk), মানি এডভাইস সেন্টারস (www.moneyadvicescotland.org.uk), এবং শেলটার্ (এরা গৃহসংস্থান সমস্যা নিয়ে কাজ করেন, www.scotland.shelter.org.uk)।

আমাদের পুস্তিকাগুলি

- সিভিল লিগ্যাল এইড- আবেদনকারীদের জন্য তথ্য
- সিভিল লিগ্যাল এইড মামলাগুলিতে প্রতিদ্বন্দীদের জন্য নির্দেশিকা
- শিশুদের জন্য লিগ্যাল এইড
- ক্রিমিন্যাল লিগ্যাল এইড নির্দেশিকা
- স্কটিশ লিগ্যাল এইড বোর্ড সম্পর্কে অভিযোগ এবং মন্তব্য
- তথ্যপ্রাপ্ত করার অধিকার (রাইট টু ইনফর্মেশন)।

সূচীপত্র

1. সিভিল লিগ্যাল এসিস্টেন্স কী?
2. আমাকে সিভিল লিগ্যাল এইড প্রাদান করার জন্য একজন পঞ্জীকৃত (রেজিস্টার্ড) সলিসিটরকে আমি কীভাবে খুঁজে পেতে পারি?
3. সিভিল এডভাইস এন্ড এসিস্টেন্স
4. সিভিল লিগ্যাল এইড
5. যদি আমি এডভাইস এন্ড এসিস্টেন্স অথবা সিভিল লিগ্যাল এইডের জন্য উত্তীর্ণ না হই, তাহলে আমি কীভাবে বিনামূল্যের পরামর্শ পেতে পারি?
6. আমাকে কত মূল্য দিতে হতে পারে?
7. আমার দায়িত্ব কী কী?
8. আমি কী সলিসিটর পরিবর্তন করতে পারি?
9. আপনারা কী লিগ্যাল এইড প্রত্যাহার করতে পারেন?
10. আমার সলিসিটর যদি স্বতন্ত্রভাবে আমার জন্য কাজ করার প্রস্তাব দেন অথবা আমি লিগ্যাল এইড পাওয়া সত্ত্বেও যদি আমার কাছে অর্থ দাবি করেন তাহলে কী হবে?
11. স্কটিশ লিগ্যাল এইড বোর্ডের (স্কটিশ আইনি সহায়তা বোর্ড) কাছে আমি কী প্রত্যাশা করতে পারি?
12. আমার সলিসিটরের কাছে আমি কী প্রত্যাশা করতে পারি?

1 সিভিল লিগ্যাল এসিস্ট্যান্স (দেওয়ানি আইনি সহায়তা) কী?

সিভিল লিগ্যাল এসিস্টেন্স মানুষকে তাদের সিভিল মামলা কোর্টে তোলার জন্য আইনি পরামর্শ পেতে এবং একজন সলিসিটরের সাহায্য পেতে সহায়তা করে।

এটা বিনামূল্যে হতে পারে অথবা আপনাকে এরজন্য কিছু মূল্য প্রদান করতে হতে পারে।

সিভিল বিষয়বস্তুর কিছু উদাহরন:

- বিবাহবিচ্ছেদ (ডিভোর্স) এবং অন্যান্য বিষয় যা পরিবার এবং শিশুদের প্রভাবিত করছে
- কোনো দূর্ঘটনা ফলে হওয়া চোট বা চিকিৎসায় অবহেলার জন্য ক্ষতিপূরণ আদায়ের চেষ্টা
- গৃহসংস্থান সক্রান্ত বিষয় যেমন ভাড়া অথবা বন্ধকের বকেয়া (মর্টগেজ এরিয়ার), মেরামতি এবং উচ্ছেদ
- ঋন এবং কল্যান (ওয়েলফেয়ার) অধিকার
- অভিবাসন, জাতীয়তা এবং শরণার্থী সক্রান্ত বিষয়

সহায়তা দুই ধরনের আছে:

- এডভাইস এন্ড এসিস্টেন্স (পরামর্শ এবং সহায়তা)- এই সহায়তা স্কটস ল (স্কট আইন), দেওয়ানি অথবা ফৌজদারী সক্রান্ত যেকোনো বিষয়ে সলিসিটরের পরামর্শের জন্য মূল্য প্রদান করে- উদাহরনস্বরূপ, কোর্টে না গিয়ে আপনার হয়ে কোনো বিবাদের মিমাংসা করার চেষ্টা করার জন্য। আপনি যে প্রসঙ্গ উত্থাপন করেছেন সেই বিষয়ে আপনাকে পরামর্শ দেওয়ার পাশাপাশি, আপনার সলিসিটর:

- আপনার মামলাটি নিয়ে আইনত অগ্রসর হওয়া যায় কি না সে বিষয়ে আপনাকে পরামর্শ দিতে পারেন।
- নিস্পত্তি করার জন্য বিপক্ষ দলের সঙ্গে আলাপ-আলোচনা চেষ্টা করতে পারেন
- বিষয়টি কোর্টে উত্থাপন করার জন্য লিগ্যাল এইড (আইনি সহায়তা) এর আবেদন করবেন কি না এ ব্যাপারে আপনাকে পরামর্শ দিতে পারেন
- আপনার হয়ে চিঠি লিখতে পারেন অথবা প্রতিবেদন (রিপোর্ট) প্রাপ্ত করতে পারেন।

- সিভিল লিগ্যাল এইড (দেওয়ানি আইনি সহায়তা)- যেহেতু এই পুস্তিকাটিতে একমাত্র সিভিল বিষয়গুলি নিয়েই আলোচনা করা হয়েছে, তাই যখনই আমরা "লিগ্যাল এইড" (আইনি সহায়তা) এর উল্লেখ করব এর অর্থ হবে সিভিল লিগ্যাল এইড (দেওয়ানি আইনি সহায়তা) এই সহায়তা আপনার হয়ে কোর্টে মামলা লড়ার জন্য সলিসিটরকে অর্থ প্রদান করবে। এতে প্রস্তুতির কাজকর্ম সহ শুনানিও অন্তর্ভুক্ত থাকবে, এবং যদি প্রয়োজন পড়ে এডভোকেট এবং বিশেষজ্ঞের জন্যও অর্থ প্রদান করবে।

কেউ কেউ শুধু এডভাইস এন্ড এসিস্টেন্স চান, অন্যদের শুধু লিগ্যাল এইড প্রয়োজন, এবং কারুর কারুর দুটোরই প্রয়োজন। অনেকে আইনি প্রক্রিয়া শুরু করেন এডভাইস এন্ড এসিস্টেন্স দিয়ে, তারপর লিগ্যাল এইড গ্রহণ করেন।
আপনার যদি ক্রিমিন্যাল বিষয়ে সাহায্য প্রয়োজন হয়, তাহলে আমাদের *ক্রিমিন্যাল লিগ্যাল এইডের একটি নির্দেশিকা* পুস্তিকাটি দেখুন। শিশুদের বিষয়ে লিগ্যাল এইড কীভাবে প্রাপ্ত করা যায় এই বিষয়ে জানতে হলে, অনুগ্রহ করে আমাদের *শিশুদের জন্য লিগ্যাল এইড* এই পুস্তিকাটি দেখুন। সামনের মলাটের ভিতর দিকে কীভাবে এই পুস্তিকাগুলি প্রাপ্ত করতে পারেন তা পড়ুন।

আপনি যদি এডভাইস এন্ড এসিস্টেন্সের **জন্য উত্তীর্ণ নাও হয়ে থাকেন, তাহলেও আপনি লিগ্যাল এইডের জন্য উত্তীর্ণ হতে পারেন, একই ভাবে উল্টোটাও হতে পারে- এ ব্যাপারে আপনার সলিসিটরকে জিজ্ঞেস করুন।**

2 আমাকে সিভিল লিগ্যাল এসিস্টেন্স দেওয়ার জন্য পঞ্জীকৃত (রেজিস্টার্ড) একজন সলিসিটরকে আমি কীভাবে খুঁজে পাব?

আপনাকে অবশ্যই একজন লিগ্যাল এইড সলিসিটরে মাধ্যমে আবেদন করতে হবে। আমরা আইনি পরামর্শ প্রদান করি না।

সলিসিটর হয়ত নিজস্ব প্র্যাক্টিস, কোনো ল সেন্টার অথবা অন্যান্য পরামর্শ প্রাদানকারী এজেন্সী, অথবা আমাদের কোনো সিভিল লিগ্যাল এসিস্টেন্স অফিসে কাজ করেন।

সলিসিটরকে খুঁজে পেতে হলে

- 0845 122 8686 এই নম্বরে আমাদের লিগ্যাল এইড ইনফর্মেশন লাইনে ফোন করুন।
- আমাদের ওয়েবসাইট www.slab.org.uk তে দেখুন।

অথবা

- ফোন বুকে দেখুন অথবা আপনার স্থানিয় সিটিজেন এডভাইস ব্যুরোর সঙ্গে যোগাযোগ করুন।

বোর্ডের নিজস্ব সিভিল লিগ্যাল এসিস্টেন্স অফিসগুলিতে যোগাযোগের বিবরন জানার জন্য, অনুগ্রহ করে সামনের মলাটের ভিতরের দিক দেখুন।

3 সিভিল এডভাইস এন্ড এসিস্টেন্স (দেওয়ানি পরামর্শ এবং সহায়তা)

3.1 এডভাইস এন্ড এসিস্টেন্সের জন্য আমি কীভাবে আর্থিক ভাবে উত্তীর্ণ হতে পারি?

আপনি যদি উত্তীর্ণ হন তাহলে আপনার সলিসিটর আপনাকে জানাবেন।

সাধারনত, আপনি তখনই উত্তীর্ণ হবেন যদি:

- আপনার সঞ্চয় এবং আপনার অন্য যেকোনো মূল্যবান বস্তুর (আপনি যে বাড়িতে বাস করছেন তা এর অন্তর্ভুক্ত হবে না) মূল্য একটি নির্ধারিত পরিমান থেকে কম হয়।
- আপনি কিছু ভাতা পেয়ে থাকেন
- আপনার সাপ্তাহিক ব্যয়যোগ্য আয় (আপনার বিল এবং এলাউন্স মেটানোর পর) একটি নির্ধারিত পরিমান থাকে কম হয়।

এই নির্ধারিত পরিমান এবং ভাতা প্রতি বছর পরিবর্তন করা হয়। সাম্প্রতিক পরিমান জানার এবং অনলাইন ক্যালকুলেটরের জন্য আমাদের ওয়েবসাইট www.slab.org.uk দেখুন অথবা 0845 122 8686 এই নম্বরে আমাদের লিগ্যাল এইড ইনফর্মেশন লাইনে ফোন করুন।

এডভাইস এবং এসিস্টেন্সের জন্য, আপনাকে আপনার মূলধন (সঞ্চয় এবং আপনার অধিকারে থাকা মূল্যবান বস্তু) থেকে কিছু দিতে হবে না, কিন্তু তবুও, আপনি কত পাচ্ছেন তার উপর ভিত্তি করে আপনার আয় থেকে কিছু একটা দিতে হতে পারে।

আপনাকে এটা প্রমান করতে হবে যে আপনি আর কারুর কাছ থেকে সাহায্য পাচ্ছেন না, যেমন, ট্রেড ইউনিয়ন, ইন্সিয়রেন্স কম্পানী অথবা পেশাদারী সংস্থা।

3.2 আপনি যখন আডভাইস এন্ড এসস্টেন্সের জন্য সলিসিটরের সঙ্গে দেখা করতে যাবেন তখন সঙ্গে কী নিতে হবে।

আপনার সলিসিটরকে আপনার আর্থিক পরিস্থিতি সম্পর্কে সঠিক তথ্য দেওয়াটা খুবই গুরুত্বপূর্ণ: আপনার আয়, সঞ্চয় এবং আপনার উপর নির্ভরশীল ব্যাক্তি (আপনার শিশু অথবা অন্য কেউ যাদের আপনি সাহায্য করছেন)। আপনার সঙ্গে নেওয়া উচিত:

- সাম্প্রতিক বেতন রশিদ (ওয়েজ স্লিপ), অথবা আপনি যদি স্ব-নির্ভর হন তাহলে আপনার জমা-খরচের হিসাব (অ্যাকাউন্টস)।
- প্রাক্তন নিয়োগকর্তার কাছ থেকে পেনশন পেমেন্ট এডভাইস (অবসরভাতা প্রদান রশিদ) অথবা আপনার পেনশন বা ভাতা বই(pension or benefit book)।
- বর্তমান ভাতা প্রদান পত্র বা বিজ্ঞপ্তি
- সমস্ত সঞ্চয় এবং অ্যাকাউন্টসের বিশদ বিবরন- ব্যাঙ্ক/বিল্ডিং সোসাইটি/পোস্ট অফিস স্টেটমেন্ট অথবা পাসবুক ইত্যাদি।

আপনি যদি শুরুতেই এই সকল প্রমান দাখিল না করেন, তাহলে আপনার আবেদনে দেরি হতে পারে। আপনার সলিসিটর আপনার হয়ে কাজ তখনই শুরু করতে পারবেন যখন তারা আপনার আর্থিক পরিস্থিতি সম্পর্কে আপনি যে তথ্য প্রদান করেছেন তার সত্যতা সম্বন্ধে নিশ্চিত হতে পারবেন।

আপনার দেওয়া তথ্যের সত্যতা যাচাই করার জন্য আপনার সলিসিটর অথবা বোর্ড অন্যান্য ব্যক্তিদের, যেমন, আপনার নিয়োগকর্তা, ব্যাঙ্ক অথবা সরকারি ভাতা অফিসে চিঠি লিখতে পারেন। আপনি যদি আমাদের অনুসন্ধানে সাহায্য না করেন তাহলে আপনার সলিসিটরকে আপনার হয়ে কাজ করা বন্ধ করতে হবে এবং আপনার মামলার জন্য আমাদের যা খরচ হয়েছে তা আপনাকে প্রদান করতে হবে।

আপনি যদি বিবাহিত অথবা কোনো সঙ্গীর সঙ্গে বসবাস করছেন, আপনার সলিসিটরকে তাদের আয় এবং সঞ্চয় সম্বন্ধেও একই তথ্য জানতে হবে, যদিনা:

- আপনারা পৃথক হয়ে গিয়ে থাকেন
- তাদের সঙ্গে আপনার কোনো আইনি সমস্যা আছে
- এটা করা অনায্য হবে অথবা এটা করা খুব কষ্টসাধ্য হবে।

3.3 যদি আমাকে এডভাইস এন্ড এসিস্টেন্স দিতে অস্বীকার করা হয় তাহলে কী হবে?

যদি আপনি এডভাইস এন্ড এসিস্টেন্সের জন্য উত্তীর্ণ হতে না পারেন, তাহলেও আপনি লিগ্যাল এইডের জন্য উত্তীর্ণ হতে পারেন, একইভাবে উল্টোটাও হতে পারে– এ ব্যাপারে আপনার সলিসিটরকে জিজ্ঞেস করুন।

4. সিভিল লিগ্যাল এইড (দেওয়ানি আইনি সহায়তা)

4.1 লিগ্যাল এইডে কী কী অন্তর্ভুক্ত আছে?

যদি এডভাইস এন্ড এসিস্টেন্সে আপনার সমস্যা দূর না হয়, এবং আপনাকে মামলাটি কোর্টে নিয়ে যেতে হয়, তাহলে আপনাকে হয়ত লিগ্যাল এইডের জন্য আবেদন করতে হতে পারে।

কোনো কোনো মামলার ক্ষেত্রে আপনার সলিসিটর লিগ্যাল এইডের অধিনে কোর্টে আপনার প্রতিনিধিত্ব করতে পারবেন না, যেমন:

- £3,000 এর কম কোনো দাবির ক্ষেত্রে, যদিনা এই দাবিতে ব্যক্তিগত চোট অন্তর্ভুক্ত থাকে
- ব্যাঙ্করাপ্সীর (দেউলিয়া অবস্থা) সঙ্গে সম্পর্কযুক্ত কিছু কাজ।

যদিও, এডভাইস এন্ড এসিস্টেন্সের অধিনে তারা আপনাকে এ ব্যাপারে পরামর্শ দিতে পারবেন।

4.2 লিগ্যাল এইডের জন্য আমি কীভাবে উত্তীর্ণ হব?

আপনি এবং আপনার সলিসিটর মিলে আপনার মামলা এবং আর্থিক পরিস্থিতি সম্বন্ধে আবেদনপত্র পূরণ করবেন, এবং তারপর সেটা আমাদের কাছে পাঠিয়ে দেবেন। আমরা এরপর আপনার আবেদনপত্রের মূল্যায়ন করব।

লিগ্যাল এইড প্রদান করার জন্য আমাদের বিবেচনা করতে হবে যে:

- আপনি আর্থিক ভাবে উত্তীর্ণ হয়েছেন
- আপনার মামলার একটি আইনি ভিত্তি আছে (যাকে “প্রবেবল ক’জ” (সম্ভাব্য কারন) বলা হয়)
- আপনার মামলার জন্য জনগনের অর্থ খরচ করাটা যুক্তিযুক্ত- উদাহরণ স্বরূপ, যে ব্যক্তির বিরুদ্ধে আপনি মামলা করতে চাইছেন তার যদি কোনো অর্থ না থাকে তাহলে সে ক্ষেত্রে লিগ্যাল এইড প্রদান করাটা সম্ভবত যুক্তিযুক্ত হবেনা; মামলায় তার মূল্যের থেকে বেশি খরচ হবে; আপনার জেতা অসম্ভব বলে মনে হয়, আপনি ভুল কোর্টে মামলা করেছেন, অথবা যদি কোর্টে মামলা করার আগে সমস্যা সমাধানের অন্যান্য রাস্তা পূর্ণ রূপে বিবেচনা করা না হয়ে থাকে।
- আপনি অন্য কারুর কাছ থেকে সাহায্য পাচ্ছেন না – যেমন ট্রেড ইউনিয়ন, ইন্সিওরেন্স কম্পানী (কিছু কিছু মামলা বিমাকৃত থাকতে পারে, যেমন আপনার ঘর অথবা কার ইন্সিওরেন্স পলিসি) অথবা পেশাদারী সংস্থা।

কেউ কেউ লিগ্যাল এইডের জন্য কোনো অর্থ দেন না, অন্যদের হয়ত এর জন্য কিছু দিতে হতে পারে, এবং কেউ কেউ হয়ত এর জন্য একেবারেই আর্থিক ভাবে যোগ্য নন।

তা নির্ভর করে আপনার (এবং, যদি প্রযোজ্য হয়, আপনার সঙ্গীর) বাৎসরিক ব্যায়যোগ্য আয় এবং ব্যায়যোগ্য মূলধনের (সঞ্চয় এবং আপনার আধিকারে থাকা অন্যান্য মূল্যবান বস্তু) উপর। এই সিমা প্রতি বছর পরিবর্তন করা হয়- সাম্প্রতিক মূল্যমান এবং ফাইনেন্সিয়াল ক্যালকুলেটরের জন্য আমাদের ওয়েবসাইট www.slab.org.uk তে খোঁজ করুন অথবা 0845 122 8686 এই নম্বরে আমাদের ইনফর্মেশন লাইনে ফোন করুন।

4.3 আর্থিক যোগ্যতার জন্য আমাকে কী ফর্ম পূরণ করতে হবে?

আপনার আয় (যেমন, বেতন এবং ভাতা) যা আপনি (এবং যদি প্রযোজ্য হয় তাহলে আপনার সঙ্গী) উপার্জন করেন তার উপর ভিত্তি করে আপনার সলিসিটর আপনাকে একটা ফর্ম পূরণ করার জন্য দেবেন।আপনাকে ফর্ম পূরণ করায় সাহায্য করার জন্য ফর্মের মধ্যেই তা কীভাবে পূরণ করবেন তার নির্দেশিকা দেওয়া আছে। এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি নির্দেশিকাটি মনোযোগ দিয়ে পড়বেন এবং তা অনুসরন করবেন। আপনি যদি তা না করেন, তাহলে আপনার লিগ্যাল এইড পেতে বিলম্ব হতে পারে অথবা পরিণতিস্বরূপ আমরা আপনার আবেদন প্রত্যাখ্যান করতে পারি।

আপনার আর্থিক যোগ্যতা নিয়ে যদি আপনার কিছু জানবার থাকে তাহলে আপনি আমাদের ফাইনেন্সিয়াল এসেসমেন্ট ইউনিটের (আর্থিক মূল্যায়ন দল) সঙ্গে যোগাযোগ করতে পারেন (সামনের মলাটের ভিতর দিকে দেখুন)।

4.4 আমার যদি কোনো কাজ জরুরি ভিত্তিতে করতে হয় তাহলে কী হবে?

আমরা আপনাকে লিগ্যাল এইড প্রদান করতে পারি কি না এই সিদ্ধান্ত নেওয়ার পূর্বে, আপনার সলিসিটর কোর্টে আপনার হয়ে জরুরি কাজ করতে পারেন – উদাহরন স্বরূপ কাউকে আপনার উপর হামলা করা থেকে বিরত রাখার আদেশের আবেদন করার জন্য। যদিও, এই কাজের জন্য আপনাকে আমাদের মূল্য প্রদান করতে হতে পারে।

4.5 আমার মামলার প্রতিপক্ষ কী জানতে পারবে যে আমি লিগ্যাল এইডের জন্য আবেদন করেছি?

আমরা যখন আপনার আবেদনপত্র পাব, আমরা সাধারনত আপনার প্রতিপক্ষকে জানাব যে আপনি লিগ্যাল এইডের জন্য আবেদন করেছেন, যদিনা:

- আপনার সলিসিটর আমাদের এরকম করতে বারন করেন, এবং
- আমরা সম্মত হই যে এটা যথার্থ (উদাহরনস্বরূপ, যদি আপনি গার্হস্থ্য হিংসার শিকার হন অথবা আপনার প্রতিপক্ষ যদি জানতে পারে যে আপনি লিগ্যাল এইডের জন্য আবেদন করেছেন তাহলে সম্ভবত তাদের সম্পদ থেকে মুক্ত হয়ে যেতে পারে)
- প্রতিপক্ষের ঠিকানা অজ্ঞ্যাত থাকে।

আপনার সলিসিটর একটি “স্টেটুটরি স্টেটমেন্ট” (“বিধিসম্মত বিবৃতি”) তৈরী করবেন। এটা কেন আপনি লিগ্যাল এইডের আবেদন করছেন তা বর্ণনা করবে। যদি সেটা অনুপযোগী না হয়, তাহলে আমরা এই বিবৃতির একটি নকল আপনার প্রতিপক্ষকে পাঠাব, কিন্তু আমরা আপনার সম্পর্কে আর কোনো তথ্য দেবনা।

প্রতিপক্ষের এই মামলা সম্পর্কে তথ্য অথবা কেন আপনি লিগ্যাল এইড পেতে পারেন না সে সম্পর্কে অন্য কারন আমাদের কাছে জানানোর অধিকার রয়েছে। এটাকে “মেকিং রিপ্রেসেন্টেশন” (“প্রতিবাদ পেশ”) করা বলে। আমরা আপনার প্রতিপক্ষের প্রতিবাদ বিচার করে দেখব, এবং যদি প্রয়োজন পড়ে, তাহলে আরও অনুসন্ধান করে দেখব। এর অর্থ হয়ত এই দাঁড়াবে যে আপনার আবেদনের ব্যাপারে সিদ্ধান্ত নিতে আমাদের আরও কিছুটা সময় লাগবে।

আমরা সাধারনত আপনাকে লিগ্যাল এইড প্রদান অথবা অগ্রাহ্য করেছি কি না তা আপনার প্রতিপক্ষকে জানাব।

যদি এমন কোনো পরিবর্তন হয় যা আপনাকে লিগ্যাল এইড প্রদান করাকে প্রভাবিত করতে পারে তাহলে আপনার প্রতিপক্ষ আপনার মামলার যে কোনো সময়ে আমাদের তা জানাতে পারেন। কিন্তু যদি আমরা আপনার লিগ্যাল এইড প্রত্যাহারের ব্যাপারে চিন্তাভাবনা করি, তাহলে আপনার প্রতিপক্ষ আমাদের যা বলেছেন তার উপর আপনাকে মন্তব্য করতে বলব।

4.6 আপনারা যদি লিগ্যাল এইড প্রত্যাখ্যান করেন তাহলে কী হবে?

আমরা আপনাকে এবং আপনার সলিসিটরকে এর কারন জানাব। আপনার সলিসিটরের মাধ্যমে, আপনি আমদের সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য অনুরোধ জানাতে পারেন। আপনার জন্য আর কী বিকল্প খোলা আছে তা আপনার সলিসিটর আপনাকে জানাবেন।

আপনার সলিসিটর হয়ত তাদের স্বতন্ত্র হারের পারিশ্রমিকের বিনিময়ে আপনার মামলা চালিয়ে যেতে ইচ্ছুক হতে পারেন (অনুচ্ছেদ 10 দেখুন)।

4.7 আপনারা যদি লিগ্যাল এইড প্রত্যাখ্যান করেন, তাহলে আমি কি আবার আবেদন করতে পারি?

হ্যা, যদি আপনার পরিস্থিতির পরিবর্তন হয় অথবা আপনি আপনার মামলা সম্পর্কে নতুন তথ্য দিতে পারেন, তাহলে হয়ত আমরা অন্য সিদ্ধান্তে পৌঁছতে পারি।

5 আমি যদি এডভাইস এন্ড এসিস্টেন্স অথবা সিভিল লিগ্যাল এইডের জন্য উত্তীর্ণ হতে না পারি, তাহলে আমি কীভাবে বিনামূল্যের পরামর্শ পেতে পারি?

বিভিন্ন সংগঠনের কাছে বিনামূল্যের পরামর্শ পাওয়া যায় যেমন সিটিজেন্স এডভাইস স্কটল্যান্ড, মানি এডভাইস সেন্টারস অথবা শেল্টার (যারা গৃহসংস্থান সমস্যা নিয়ে কাজ করেন)। যোগাযোগের বিবরনের জন্য এই পুস্তিকার সামনের মলাটের ভিতর দিকে দেখুন। আপনি হয়ত এটাও জানতে পারবেন যে আপনার ইউনিয়ন অথবা বীমাকারীর মাধ্যমেও আপনি সাহায্য পেতে পারেন।

6 আমাকে কত মূল্য দিতে হতে পারে?

6.1 সিভিল লিগ্যাল এসিস্টেন্স কী বিনামূল্যের?

লিগ্যাল এসিস্টেন্স সব ক্ষেত্রে বিনামূল্যের নয়। এটা বিনামূল্যের হতে পারে অথবা আপনাকে খরচ বাবদ কিছু প্রদান করতে হতে পারে যদি:

- আপনার আয় এবং, লিগ্যাল এইডের জন্য সঞ্চয় এবং অন্যান্য মূলধন (মূল্যবান বস্তু যা আপনার অধিকারে আছে) একটি নির্দিষ্ট মাত্রা থেকে বেশি হয় (আমরা এটাকে অবদান বলি, এবং যদি মামলার খরচ বাবদ আমাদের এর প্রয়োজন না হয় তাহলে আপনি মামলার শেষে এর কিছুটা অথবা পুরোটাই ফেরত পেতে পারেন)
- লিগ্যাল এইড অথবা এডভাইস এন্ড এসিস্টেন্সের ফলে আপনি যদি কোনো কিছু রক্ষা অথবা লাভ (অর্থ অথবা সম্পত্তি) করতে সক্ষম হন
- আপনি মামলা হেরে যান – আপনাকে হয়ত আপনার প্রতিপক্ষের খরচা দিতে হবে।

আমরা আপনার সলিসিটরের বিল দেব। যদিও আমরা যে অর্থ প্রদান করব তা ফেরত পাওয়ার চেষ্টা করা আমাদের দায়িত্ব।

এডভাইস এন্ড এসিস্টেন্সের খরচা তোলার জন্য, আমরা ব্যবহার করব:

- প্রথমত, আপনি যা কিছু অবদান দেবেন (অনুচ্ছেদ 6.3 দেখুন)- যা আপনার আয়ের উপর নির্ভর করবে
- দ্বিতীয়ত, কোনো খরচা যা আপনার প্রতিপক্ষ প্রদান করবেন
- তৃতীয়ত, যদি প্রথম দুটি যথেষ্ট না হয়, তাহলে আপনি যে অর্থ বা সম্পত্তি জিতবেন বা রক্ষা করবেন তার অংশ বিশেষ অথবা পুরোটাই (এটাকে “ক্ল’ব্যাক” (clawback) বলা হয় – অনুচ্ছেদ 6.4 দেখুন) যদিনা আপনি দেখান যে এরকম করলে আপনি আর্থিক দৈন্য বা দুর্দশায় পড়ে যাবেন।
- চতুর্থত, যদি প্রথম তিনটি যথেষ্ট না হয়, তাহলে আমাদের নিজস্ব তহবিল।

আপনাকে যদি কিছু দিতে হয়, তাহলে এডভাইস এন্ড এসিস্টেন্সের জন্য আপনার সলিসিটরকে সরাসরি প্রদান করুন। এডভাইস এন্ড এসিস্টেন্সের অধিনে তারা শুধুমাত্র একটি নির্ধারিত আর্থিক সীমার মধ্যেই কাজ করতে পারেন, অথবা সীমার উর্ধে যাওয়ার জন্য আমাদের অনুমতি প্রার্থনা করতে পারেন।

লিগ্যাল এইডের খরচা তোলার জন্য, আমরা ব্যবহার করব:

- প্রথমত, কোনো খরচ যা আপনার প্রতিপক্ষ দেবেন
- দ্বিতীয়ত, কোনো অবদান যা আপনাকে আমাদের দিতে হবে
- তৃতীয়ত, যদি প্রথম দুটি যথেষ্ট না হয়, তাহলে আপনি যে অর্থ বা সম্পত্তি জিতবেন বা রক্ষা করবেন তার অংশ বিশেষ অথবা পুরোটাই (অনুচ্ছেদ 6.4 দেখুন)
- চতুর্থত, যদি প্রথম তিনটি যথেষ্ট না হয়, তাহলে আমাদের নিজস্ব তহবিল।

আপনার প্রতিপক্ষের কাছ থেকে অর্থ না পাওয়া পর্যন্ত আপনি যে অবদান দিয়েছেন তা ফেরত দিতে পারব না, যদি, আমরা আপনার সলিসিটরকে যা দিয়েছি তার থেকে বেশি আপনি আমাদের দিয়ে না থাকেন।

কখনও, আপনার প্রতিপক্ষ খরচা দিতে দেরি করতে পারেন অথবা একেবারেই দিতে না পারেন। এবং যদি আপনার প্রতিপক্ষও যদি লিগ্যাল এইড পেয়ে থাকেন, তাহলে কোর্ট হয়ত তাদের প্রদেয় অর্থের পরিমান কমিয়ে দিতে পারেন। যদি প্রতিপক্ষ খরচা না দেয়, অথবা তারা যা দিয়েছে তা দিয়ে যদি আমরা যে লিগ্যাল এইডের খরচা দিয়েছি তা পূরণ না হয়, তাহলে আমাদের আপনার অবদান এবং যে সম্পত্তি আপনি জিতেছেন বা রক্ষা করেছেন তা ব্যবহার করতে হবে।

6.2 যদি আপনি মামলা হেরে যান

লিগ্যাল এইড আপনার প্রতিপক্ষের খরচা বহন করবেনা। অতএব আপনি যদি মামলা হেরে যান, তাহলে আপনাকে হয়ত প্রতিপক্ষের খরচের কিছুটা অথবা পুরোটাই দিতে বলা হতে পারে। এ ধরনের খরচা আপনাকেই দিতে হবে– আমরা তা দিতে পারবনা। যেহেতু আপনি লিগ্যাল এইড পাচ্ছেন, তাই আপনার প্রদেয় অর্থের পরিমান কম করার জন্য কোর্টের কাছে আবেদন করতে পারেন।

6.3 অবদান বা কন্ট্রিবিউশন

যদি আপনাকে কোনো অবদান দিতে হয়, তাহলে তার পরিমান আপনার ব্যায়যোগ্য আয়, সঞ্চয় এবং সম্পত্তির উপর নির্ভর করবে। আমরা আপনার আয় এবং মূলধন (সঞ্চয় এবং আপনার মালিকানাধীন মূল্যবান বস্তু) আবেদনের দিন থেকে শুরু করে যতদিন পর্যন্ত আপনার মামলা চলবে সেইদিন পর্যন্ত পরিমাপ করব।

কত ঘন ঘন আপনাকে কিস্তি দিতে হবে, এবং কিস্তির পরিমান সম্পর্কে আরও তথ্য জানার জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.slab.org.uk দেখুন অথবা আমাদের ফাইনেন্সিয়াল এসেসমেন্ট ইউনিটের (আর্থিক মূল্যায়ন দল) সঙ্গে যোগাযোগ করুন।

এডভাইস এন্ড এসিস্টেন্সের জন্য, মামলার শুরুতে আপনার সলিসিটরের আপনাকে বলা উচিত:

- যদি আপনাকে কিছু অর্থ দিতে হয়, তাহলে কতটা দিতে হবে
- আপনার জেতা অথবা রক্ষা করা অর্থের থেকে কিছু দিতে হবে কি না।

লিগ্যাল এইডের জন্য, আপনাকে কোনো অর্থ দিতে হবে কি না তা আপনার সলিসিটর আপনাকে বলতে পারবেন। কিন্তু যদি আমরা আপনাকে লিগ্যাল এইড প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করি, আমরা আপনাকে বলব:

- যদি কোনো অবদান দিতে হয়, তাহলে ঠিক কতটা দিতে হবে (আপনাকে সেটা আমাদের দিতে হবে)
- অবদান জমা দেওয়ার জন্য আপনি কতটা সময় নিতে পারেন।

সাধারণত আপনাকে অবদান আপনার আয় থেকে মাসিক কিস্তিতে জমা দিতে হবে। সচরাচর, যত বেশি আপনাকে দিতে হবে, তত বেশি সময় আমরা আপনাকে দেব।

যদি আপনার অবদান আপনার মূলধন (সঞ্চয় এবং আপনার মালিকানাধীন মূল্যবান বস্তু) নির্ভর হয়, তাহলে সাধারনত আমরা আপনাকে এককালীন অর্থ দিয়ে দিতে বলব।

যখন আপনি আবেদন করবেন, এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি আপনার সলিসিটরকে আপনার মামলার সম্ভাব্য খরচ হিসাব করতে এবং আমাদের জানাতে বলবেন। এতে আপনার অর্থের কিছুটা সাশ্রয় হতে পারে, কারন আপনার সলিসিটর আনুমানিক হিসাব করে যে পরিমান বলবেন তার উপর অবশ্য প্রদেয় কোনো অবদানের পরিমান আমরা প্রাথমিক ভাবে সীমায়িত করতে পারি।

কিন্তু যদি মামলার শেষ পর্যন্ত অনুমানের থেকে বেশি খরচ হয়, তাহলে আমরা হিসাব করে ব্যবধান নির্ণয় করব যা আপনাকে দিতে হবে। যদি মামলার খরচ অনুমানের থেকে কম হয় অথবা যদি আপনার প্রতিপক্ষ থেকে আমরা কিছুটা অর্থ ফেরত পাই, তাহলে আপনার অবদানের কিছুটা অর্থ আপনি ফেরত পেতে পারেন।

যদি আপনি মনে করেন যে আমরা আপনার অবদানের পরিমান ভুল হিসাব করেছি তাহলে আপনি আমাদের পুনর্বিবেচনা করার অনুরোধ জানাতে পারেন।

যদি আমার অর্থ প্রদান করতে সমস্যা হয়?

আপনার যদি অর্থ প্রদান করতে সমস্যা হয়, তাহলে সঙ্গে সঙ্গে আমাদের জানান, যাতে আমরা আপনাকে সাহায্য করার চেষ্টা করতে পারি। যদি আপনি দেখাতে পারেন যে আপনার আর্থিক পরিস্থিতি আগের থেকে খারাপ হয়ে গেছে, তাহলে আমরা হয়ত আপনাকে যে পরিমান অর্থ দেওয়ার জন্য বলেছিলাম তা কম করতে পারি।

যদি আমি আমার অবদান না দেই, বাদ পড়ে অথবা মত পরিবর্তন করি তাহলে কী হবে।

আপনার লিগ্যাল এইড বন্ধ করে দেওয়া হবে। এর অর্থ হবে আপনার সলিসিটরকে লিগ্যাল এইডের অধিনে আপনার হয়ে কাজ করা বন্ধ করতে হবে। এছাড়াও আপনার মামলার খরচ তোলার জন্য, আপনার বকেয়া অবদান অথবা যে পরিমান অর্থ আমরা আপনার সলিসিটরকে প্রদান করেছি, তার মধ্যে যেটা কম হবে, তা আমাদের প্রদান করতে হবে।

6.4 সম্পত্তি লাভ করা অথবা রক্ষা করা এবং “ক্ল’ব্যাক”

“সম্পত্তি” হচ্ছে যে কোনো কিছু যা দখল করা যায়, যেমন একটি বাড়ি, মূল্যবান কোনো কিছু, অথবা টাকা।

যদি, এডভাইস এন্ড এসিস্টেন্স অথবা লিগ্যাল এইড গ্রহণের ফলে, আপনি কিছু সম্পত্তি পান যা আপনার আগে ছিলনা, আপনি এটাকে “জিতেছেন” অথবা “উদ্ধার” করেছেন।

কিছু উদাহরণ হচ্ছে:

- একটি বাড়ি
- শেয়ার
- জীবন বীমা
- ডিভোর্স অথবা সিভিল অংশিদারী ভঙ্গের পর আপনার স্বামী অথবা স্ত্রী অথবা সঙ্গী যে অর্থ প্রদান করেন।
- ক্রিমিন্যাল ইনজুরি কমপেনসেশন অথোরিটী যে অর্থ প্রদান করে
- অন্য যে কোনো উ্স থেকে জরিমানার অর্থ।

আপনার সলিসিটরকে আমরা যা প্রদান করেছি তা পূরণ করার জন্য আপনাকে হয়ত এর কিছুটা অথবা পুরোটাই আমাদের দিয়ে দিতে হতে পারে। কখনো কখনো এটাকে “ক্ল’ব্যাক” বলা হয়।

আপনি আপনার সলিসিটরকে এর জন্য জিজ্ঞেস করা উচিত:

- আপনার মামলার শুরুতেই এটাতে ক্ল'ব্যাক প্রযোজ্য হবে কি না আপনাকে বলার জন্য
- আপনার মামলার কোনো পরিবর্তন যা এটাকে প্রভাবিত করতে পারে সে সম্পর্কে আপনাকে অবগত করার জন্য
- আপনাকে কী পরিমান অর্থ প্রদান করতে হতে পারে তা বলার জন্য

কিছু ক্ষেত্রে, যেমন বিবাহ সক্রান্ত এবং সিভিল পার্টনারশিপ মামলাগুলিতে, সম্পত্তির একটা অংশ ক্ল'ব্যাক থেকে বাদ দেওয়া হতে পারে। এই মাত্রাটি প্রতি বছর পরিবর্তিত হয়; সাম্প্রতিক মাত্রার জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.slab.org.uk দেখুন অথবা 0845 122 8686 এই নম্বরে আমাদের ইনফর্মেশন লাইনে ফোন করতে পারেন।

এডভাইস এন্ড এসিস্টেন্সের জন্য, জেতা অথবা রক্ষা করা সম্পত্তি থেকে অর্থ প্রদান করলে তা আপনার আর্থিক দৈন্যের অথবা দুর্দশার কারন হবে কি না তা আমরা বিবেচনা করে দেখতে পারি।

এডভাইস এন্ড এসিস্টেন্সের ফলে জেতা বা রক্ষা করা সম্পত্তি থেকে সলিসিটরের পারিশ্রমিক আপনি না দেওয়ার কারনে যদি আমাদের আপনার সলিসিটরকে তার প্রাপ্য দিতে হয়, তাহলে আপনার কাছ থেকে সেই অর্থ ফেরত নেওয়ার জন্য আপনার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার অধিকার আমাদের থাকবে।

লিগ্যাল এইডের জন্য, আমরা আর্থিক দৈন্য অথবা দুর্দশার কথা বিবেচনার মধ্যে আনতে পারবনা।

আমার জেতা অথবা রক্ষা করা সম্পত্তি বা অর্থ পুরোটাই কি আপনারা নিয়ে নেবেন?

আপনার মামলার জন্য আমরা যা খরচ করেছি এবং নিম্নলিখিত গুলির মধ্যে ঘাটতি পূরন করার জন্য যতটুকু প্রয়োজন আমরা ঠিক ততটুকুই নেব:

- কোনো খরচা যা আপনার প্রতিপক্ষ দিয়েছেন করেছেন, এবং
- কোনো অবদান যা আপনি দিয়েছেন।

যদি আপনার প্রতিপক্ষ খরচা দিতে দেরি করেন, তাহলে আমরা তার সম পরিমান অর্থ আটকে রাখব। আমরা সেই অর্থকে একটি সুদ অর্জনকারী অ্যাকাউন্টে রাখব এবং তার থেকে প্রাপ্ত সুদ আপনাকে দেব।

যদি কেউ তাদের মামলার অংশ হিসাবে তাদের বাড়ি জেতে বা রক্ষা করে, তাহলে বকেয়া অর্থ দেবার জন্য তাকে কি বাড়িটি বিক্রি করতে হবে?

না, আমরা আপনাকে কিস্তিতে দেবার জন্য বলব।

অথবা আপনি বাড়িটি বিক্রি না করা পর্যন্ত অর্থ দিতে দেরি করতে পারেন– যা বেশ কয়েক বছর পরেও হতে পারে। যদি আপনি এরকম করেন, তাহলে যখন আপনি বিক্রি করবেন তখন বকেয়া অর্থের সঙ্গে সুদও দিতে হবে। যাতে অবশেষে আমরা অর্থগুলি পাই তা নিশ্চিত করার জন্য আমরা হয়ত আপনার বাড়ির উপর একটি স্ট্যান্ডার্ড সিকিউরিটি নিয়ে রাখব। এতে কী লাগবে সে সম্পর্কে আপনার সলিসিটর আপনাকে বলতে পারবেন।

7 আমার দায়িত্ব কী কী?

লিগ্যাল এইড তহবিল জনগনের অর্থে গঠিত, তাই যদি আপনি এর জন্য আবেদন করেন বা আপনাকে প্রদান করা হয়, তাহলে আপনাকে অবশ্যই:

- সঠিক তথ্য দিতে হবে
- আপনার পরিস্থিতিতে যদি কোনো পরিবর্তন হয় তাহলে আমাদের জানাতে হবে
- এমন ভাবে কাজ করবেন যাতে অর্থের অপচয় না হয়।

7.1 আমার সিভিল লিগ্যাল এইড মামলা কীভাবে চালানো উচিত?

মালাটি কীভাবে চালাবেন তা আপনি এবং আপনার সলিসিটর সিদ্ধান্ত নেবেন। মনে রাখবেন যতবার আপনি কোনো প্রশ্ন নিয়ে আপনার সলিসিটরের সঙ্গে দেখা করবেন, এবং যতবার তারা আপনার জন্য কিছু করবেন (চিঠি লেখা, মিটিং করা অথবা টেলিফোন করা এর অন্তর্ভুক্ত), আপনার মামলার খরচা বাড়তে পারে। এবং আপনাকে হয়ত এই খরচের কিছুটা অথবা পুরোটাই দিতে হতে পারে।

আপনার মামলায় কত খরচ পড়তে পারে তার একটা আনুমানিক হিসাব করার জন্য আপনি আপনার সলিসিটরকে বলবেন এবং যদি মমলার অগ্রগতির সঙ্গে এই হিসাবের কোনো পরিবর্তন হয় তাহলে তা জানাতে বলবেন। স্বতন্ত্র পারিশ্রমিক প্রদানকারী মক্কেলরা সম্ভবত এরকমই করে থাকেন, আপনারও এরকম করা উচিত।

আপনি আপনার সলিসিটরকে অবশ্যই মামলাটি এমন ভাবে চালাতে বলবেন না যাতে অনাবশ্যক খরচা বৃদ্ধি পায়, উদাহরনস্বরূপ, নিস্পত্তির জন্য একটি যুক্তিযুক্ত প্রস্তাব প্রত্যাখ্যান করা, অথবা ঘন ঘন মামলার ভিত্তি পরিবর্তন করা।

অনুগ্রহ করে আপনার সলিসিটরের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলুন, এবং তাদের অথবা আমাদের কাছ থেকে কোনো তথ্য প্রদানের অনুরোধে বিলম্ব না করে যোগান দিন।

7.2 পরিবর্তন সম্পর্কে যদি আপনাদের না জানাই তাহলে কী হবে?

আপনার আর্থিক পরিস্থিতি সম্পর্কে যে তথ্যগুলি আপনি দেবেন তা অবশ্যই সম্পূর্ণ এবং নির্ভূল হতে হবে। যদি আপনি আমাদের ভূল তথ্য দেন:

- আমরা আপনার লিগ্যাল এইড বন্ধ করে দিতে পারি
- আপনার মামলার জন্য লিগ্যাল এইডের তরফ থেকে যে খরচা আপনি পেয়েছেন তা ফেরত দিতে হতে পারে
- আপনার বিরুদ্ধে ক্রিমিন্যাল মামলা রজু করা হতে পারে।

7.3 সিভিল লিগ্যাল এইড ফাইনেন্সিয়াল ফর্ম পূরন করার পর অথবা আপনারা লিগ্যাল এইড প্রদান করার পর যদি আমার অবস্থার পরিবর্তন হয় তাহলে কী হবে?

আপনার মামলায় প্রভাব ফেলতে পারে এধরনের কোনো পরিবর্তনের কথা আপনাকে অবশ্যই আমাদের সরাসরি জানাতে হবে। যদি আপনি লিগ্যাল এইডের জন্য আবেদন করে থাকেন এবং এখনও সিদ্ধান্তের অপেক্ষায় আছেন, অথবা আমরা যদি ইতিমধ্যে আপনাকে লিগ্যাল এইড প্রদান করে থাকি তাহলে আপনাকে অবশ্যই এটা করতে হবে।

এই পরিবর্তনগুলি আপনি আর্থিক ভাবে যোগ্য বিবেচিত হবেন কি না তার উপর প্রভাব ফেলতে পারে, এবং পরিস্থিতির উপর ভিত্তি করে মামলার খরচা বাবদ আপনাকে যে অবদান প্রদান করতে হবে তা কমতে বা বাড়তে পারে।

আপনার সঙ্গী অথবা স্বামী বা স্ত্রীর পরিস্থিতির কোনো পরিবর্তন আপনাকে অবশ্যই আমাদের জানাতে হবে।

আমাদের সঙ্গে যখন যোগাযোগ করবেন, অনুগ্রহ করে আপনার রেফারেন্স নম্বরটা হাতের কাছে রাখবেন অথবা চিঠিপত্রের আদানপ্রদানের সময় তা উল্লেখ করবেন।

কোনো পরিবর্তন যা আপনার লিগ্যাল এইড প্রাপ্তিতে প্রভাব ফেলতে পারে তা আপনি এবং আপনার সলিসিটর আমাদের অবশ্যই জানাবেন। আপনার সলিসিটরকে নিয়মিত আমাদের প্রতিবেদন পাঠাতে হবে, এবং এই প্রতিবেদনগুলির নকল আপনাকে দিতে হবে। প্রতিবেদনের কোনো কিছুর কারনে যদি আমরা লিগ্যাল এইড প্রত্যাহারের চিন্তাভাবনা করি, তাহলে আমরা আপনাকে এগুলির উপর মন্তব্য করার সুযোগ দেব।

7.4 কতদিন পর্যন্ত আমাকে আপনাদের এই পরিবর্তনগুলি সম্পর্কে জানাতে হবে?

আমরা আপনার আবেদনপত্র পাওয়ার পর থেকে 12 মাসের মধ্যে আপনার আয়ে যদি কোনো উল্লেখযোগ্য পরিবর্তন হয়, এমন কি আপনার সলিসিটর যদি এই মামলায় আর কাজ না করেন অথবা মামলাটি সমাপ্ত হয়ে থাকে তাহলেও তা আমাদের জানা প্রয়োজন।

এক বছরের মধ্যে, যদি আপনার বার্ষিক আয় £500 বা তার অধিক বৃদ্ধি পায়, অথবা £200 বা তার অধিক কমে যায়, তাহলে অবশ্যই সঙ্গে সঙ্গে তা আমাদের জানাতে হবে।

12 মাস পরে আপনার আয়ের পরিবর্তন আপনার প্রদান করার মোট পরিমানের উপর প্রভাব ফেলবে না, যদিও আমরা আপনাকে কম (অথবা বেশি) কিস্তিতে তা প্রদান করার জন্য বলতে পারি।

আপনার মামলা চলাকালীন অথবা আপনার অবদান প্রদানের সময়কালে- যেটা দীর্ঘ্যতর হবে, যদি আপনার মূলধনে £500 বা তার অধিক বৃদ্ধি হয়, তাহলে আপনাকে অবশ্যই তা আমাদের জানাতে হবে। মামলা চলাকালীন আপনার মূলধনের পরিবর্তন আপনার মামলার খরচা বাবদ প্রদেয় কোনো অবদানের উপর প্রভাব ফেলতে পারে।

7.5 আমাদের জানা প্রয়োজন এধরনে কিছু বিষয়ের উদাহরণ হচ্ছে:

- আপনার ঠিকানার পরিবর্তন, চাকরি অথবা অন্য কোনো ব্যাক্তিগত বিবরন
- আপনি যদি কোনো ভাতা প্রাপ্তি আরম্ভ অথবা বন্ধ করে থাকেন
- আপনার আয়, অথবা খরচা অথবা ভাতায় পরিবর্তন যা আপনার কাজের জন্য প্রয়োজনীয়
- কেউ একজন আপনার সঙ্গে বসবাস আরম্ভ অথবা বন্ধ করেছে
- আপনি, অথবা আপনার সঙ্গে বসবাসকারী 18 বছরের বেশি বয়েসি কেউ, চাকরি পাচ্ছেন অথবা হারাচ্ছেন
- ভাড়া, বোর্ড, মর্টগেজ, কাউন্সিল ট্যাক্স, মেনটেনেন্স, চাইল্ডকেয়ার, ভ্রমন অথবা ব্যাক্তিগত পেনশন স্কীম প্রদানের ক্ষেত্রে পরিবর্তন।
- আপনারা যে বাড়িতে বাস করেন তা বাদ দিয়ে, টাইমশেয়ারের অংশিদারী সহ আপনি অথবা আপনার সঙ্গীর মালিকানাধীন সমস্ত জমি এবং ঘর-বাড়ি
- রিডানডেন্সি পেমেন্ট
- অর্থ যা ইন্সিওরেন্স পলিসির বিপরিতে ধার নেওয়া যায়
- অধিকারে থাকা অন-অত্যাবশ্যক সামগ্রীর মূল্য যেমন, নৌকা, ক্যারাভান, দ্বিতীয় গাড়ি, গয়না (কিন্তু বিয়ের অথবা এনগেজমেন্ট রিং নয়) এন্টিক অথবা লগ্নী করার জন্য কেনা সামগী
- আপনি এবং আপনার সঙ্গীর যা ঋণ আছে
- কোনো কিছু যা আপনি জিতেছেন, অথবা কেউ আপনাকে দিয়েছে
- যে কোনো ধরনের সঞ্চয় অথবা লগ্নী
- লাইফ এশ্যুরেন্স অথবা অন্যান্য একই ধরনের পলিসি ম্যাচিয়র করার পর প্রাপ্ত অর্থ যা £500 থেকে বেশি
- কোনো মৃত ব্যাক্তির উইলের থেকে পাওনা অর্থ এবং সম্পত্তি
- কোনো ট্রাস্ট ফান্ড থেকে পাওনা অর্থ
- অর্থ যা ব্যবসায়িক সম্পদ থেকে ধার করা যায়
- যে কোনো উ্স থেকে প্রাপ্ত অর্থ যা আপনার মূলধনকে আপনি যখন আবেদন করেছিলেন তখন যা ছিল তার থেকে £500 বা তার অধিক বৃদ্ধি করে
- যে কোনো ঘটনা যা আপনার আর্থিক পরিস্থিতিকে প্রভাবিত করে।

7.6 পরিবর্তন সম্পর্কে যখন আমি আপনাদের জানাব তখন কী হবে?

আমরা যখন আপনার যোগ্যতা পুনর্মূল্যায়ন করব তখন লিগ্যাল এইড বন্ধ হবেনা; আপনার সলিসিটর আপনার মামলা চালিয়ে যেতে পারবেন। আমরা শুধু এটা নিশ্চিত করতে চাই যে আপনি আপনার মামলার খরচ বাবদ সঠিক পরিমান অর্থ প্রদান করছেন।

8 আমি কী সলিসিটর পরিবর্তন করতে পারি?

হ্যা, কিন্তু এরকম করার জন্য যথেষ্ট ভাল কারন আপনার কাছে আছে এবং আপনার লিগ্যাল এইড প্রাপ্তি চালিয়ে যাওয়াটা যুক্তিযুক্ত বলে আমাদের সন্তুষ্ট হতে হবে। ভাল কারনগুলি হল:

- আপনার জন্য যে সলিসিটর কাজ করছিলেন তার শারীরিক অসুস্থতা অথবা মৃত্যু
- যে অঞ্চলে আপনার সলিসিটর কাজ করেন আপনি সেই অঞ্চল ছেড়ে চলে যাচ্ছেন, সেক্ষেত্রে অন্য আরেকজন সলিসিটরকে সাক্ষাত করা আপনার পক্ষে বেশি সুবিধাজনক।

যদি আপনি শুধু আপনার পছন্দ মত কাউকে দিয়ে কাজ করানোর জন্য মত পরিবর্তন করে থাকেন সেক্ষেত্রে আমরা সম্ভবত আপনার সলিসিটর পরিবর্তনে রাজি হবনা।

9 আপনারা কী লিগ্যাল এইড প্রত্যাহার করতে পারেন?

আমরা আপনার লিগ্যাল এইড প্রত্যাহার করা উচিত বলে সিদ্ধান্ত নিতে পারি – উদাহরণস্বরূপ, যদি:

- আপনার আর্থিক অবস্থার পরিবর্তন হয় এবং আপনি লিগ্যাল এইড পাওয়ার যোগ্য না থাকেন
- মামলাটি আপনি অযৌক্তিক ভাবে চালনা করছেন
- মিথ্যা বিবৃতি দিয়ে থাকেন
- আপনার দেওয়া উচিত বলে আমাদের সিদ্ধান্ত নেওয়া কোনো অবদান আপনি না দেন।

যদি এরকম ঘটে, তাহলে কেনো আপনি মনে করেন যে লিগ্যাল এইড প্রত্যাহার করা উচিত নয় তার কারন দর্শানোর সুযোগ আমরা আপনাকে দেব।

10 যদি আমার সলিসিটর আমার জন্য স্বতন্ত্র ভাবে কাজ করার প্রস্তাব দেন অথবা আমার লিগ্যাল এইড থাকা সত্বেও আমার কাছ থেকে মূল্য দাবি করেন তাহলে কী হবে?

আপনি যে মামলার জন্য লিগ্যাল এসিস্টেন্স পাচ্ছেন তার কাজ করার জন্য আপনার সলিসিটর আপনাকে স্বতন্ত্র ভাবে পারিশ্রমিক দেওয়ার জন্য বলতে পারেন না। তারা শুধু তখনই এই মামলার জন্য আপনাকে অর্থ প্রদান করার জন্য বলতে পারেন যেখানে এডভাইস এন্ড এসিস্টেন্স অথবা লিগ্যাল এইড প্রযোজ্য নয়।

যদি আমরা আপনাকে লিগ্যাল এসিস্টেন্স প্রদান করে থাকি, তাহলে আপনার সলিসিটরকে কোনো অতিরিক্ত কাজ (যেমন বিশেষজ্ঞ অথবা এডভোকেট নিযুক্ত করা) করার জন্য আমাদের সম্মতি নিতে হবে। আপনার মামলার জন্য, আপনার সলিসিটরের অতিরিক্ত কাজ বা আরও অর্থ ব্যয় করার ব্যাপারে যদি আমরা সম্মত না হই, তাহলে এডভাইস এন্ড এসিস্টেন্স অথবা লিগ্যাল এইড বলবত থাকা অবস্থায় তারা আপনাকে এর জন্য আলাদা ভাবে অর্থ দেওয়ার জন্য বলতে পারেন না।

যদি আমরা আপনাকে লিগ্যাল এইড দিতে অসম্মত হই, অথবা আপনার লিগ্যাল এইড বা এডভাইস এন্ড এসিস্টেন্স বন্ধ হয়ে যায়, তাহলে আপনার সলিসিটর আপনার হয়ে স্বতন্ত্র ভাবে কাজ করার প্রস্তাব দিতে পারেন। যদি এরকম ঘটে:

- এ ব্যাপারে তাদের যুক্তি সম্পূর্ণ ভাবে ব্যাখ্যা করতে বলুন
- তারা আপনার হয়ে কাজ শুরু করার আগে আপনি তাদের ব্যাবসার শর্ত বুঝতে পেরেছেন এবং সম্মত হয়েছেন কি না নিশ্চিত করুন।

10.1 আপনারা আমার সলিসিটরকে কত পারিশ্রমিক দিচ্ছেন এ ব্যাপারে আমি কী কোনো মতামত জানাতে পারি?

আমরা সলিসিটরদের যা প্রদান করি তা আইনের দ্বারা প্রতিষ্ঠিত, এবং কাজ করা হয়েছে ও যথার্থ মূল্য ধরা হয়েছে কি না তা নিশ্চিত করার জন্য আমরা তাদের বিল পরীক্ষা করি।

11 আমি স্কটিশ লিগ্যাল এইড বোর্ডের কাছে কী প্রত্যাশা করতে পারি?

পরিষেবার গুনগত মানের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.slab.org.uk দেখুন।

11.1 আমি যে তথ্য আপনাদের দেব তা আপনারা কীভাবে ব্যবহার করবেন?

আমাদের "তথ্যপ্রাপ্তির অধিকার" পুস্তিকাটি দেখুন যা আমাদের ওয়েবসাইট www.slab.org.uk তে উপলভ্য আছে।

12 আমি আমার সলিসিটরের কাছে কী প্রত্যাশা করতে পারি?

আপনার সলিসিটরের উচিত:

- আপনাকে এই মামলার জন্য কত প্রদান করতে হতে পারে তা সহ আপনার লিগ্যাল এসিস্টেন্স পাওয়ার অর্থ কী তা আপনাকে বুঝিয়ে বলা
- চূড়ান্ত ভাবে দক্ষ এবং কার্যকরী উপায়ে আপনার মামলার জন্য কাজ করা
- আপনার মামলা এবং লিগ্যাল এইডের আবেদনের ব্যাপারে কী ঘটছে না ঘটছে আপনাকে জানানো।

যতক্ষন লিগ্যাল এইড বহাল থাকবে, ততক্ষন লিগ্যাল এইড আমাদের সম্মতিক্রমে নিযুক্ত করা বিশেষজ্ঞ বা এডভোকেটের ব্যয় সহ এই মামলার সমস্ত খরচ বহন করবে। এডভাইস এন্ড এসিস্টেন্স বাবদ নির্ধারিত অবদান ছাড়া এই মামলার জন্য আপনার সলিসিটরের তাদের আর কিছু প্রদান করার জন্য বলা উচিত নয়। অবশ্য, অনুচ্ছেদ 6 এ উল্লিখিত অর্থের পরিমান আপনাকে প্রদান করতে হতে পারে।

12.1 আপনারা অথবা আমার সলিসিটর যেভাবে কাজ করছেন তাতে যদি আমি অসন্তুষ্ট হই তাহলে কী হবে?

আমাদের পুস্তিকা স্কটিশ লিগ্যাল এইড বোর্ড সম্বন্ধে অভিযোগ এবং মন্তব্য তে আমাদের নিজস্ব অভিযোগ পদ্ধতি এবং অন্য ব্যাক্তি অথবা সংগঠনের বিরুদ্ধে কার কাছে অভিযোগ জানাবেন তার বর্ণনা দেওয়া আছে। এই পুস্তিকা পাওয়ার জন্য অনুগ্রহ করে এই পুস্তিকার মলাটের ভিতর দিকে আমাদের সঙ্গে যোগাযোগের বিবরন দেখুন। অথবা আমাদের ওয়েবসাইট www.slab.org.uk তেও এই পুস্তিকা পেতে পারেন।

অনুগ্রহ করে:

- চিঠিতে প্রসঙ্গক্রমে উল্লেখ করার জন্য এই পুস্তিকাটিকে নিরাপদ স্থানে রাখুন
- সিভিল লিগ্যাল এইডের জন্য ফাইনেন্সিয়াল ইলিজিবিলিটি (আর্থিক যোগ্যতা) ফর্ম পূরন করার আগে এই পুস্তিকাটি ভাল করে পড়ুন
- আপনার আর্থিক যোগ্যতা অথবা ফাইনেসিয়াল ফর্ম যা আপনাকে পূরন করতে হবে তার সম্বন্ধে যদি কিছু বুঝতে না পারেন তাহলে আমাদের সঙ্গে আলোচনা করুন, আপনি আমদের ফাইনেসিয়াল এসেসমেন্ট ইউনিট কে 0845 123 2330 এই নম্বরে ফোন করতে পারেন
- আপনার মামলার সম্পর্কে কিছু বুঝতে না পারলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার সলিসিটরের সঙ্গে আলোচনা করুন, এটা লিগ্যাল এইডের অধিনে আপনার হয়ে তাদের কিছু কাজ করতে বলার আগে, এবং আপনার অবদানের প্রথম কিস্তি দেওয়ার আগে করতে পারলে সবচেয়ে ভাল হয়, আপনাকে কত প্রদান করতে হবে এটা জানা আপনার জন্য খুবই গুরুত্বপূর্ণ।
- আমাদের সঙ্গে যোগাযোগের সময় আপনার রেফারেন্স নম্বর হাতের কাছে রাখুন, এবং চিঠিপত্র আদানপ্রদানের সময় তা উল্লেখ করুন।

এই পুস্তিকাটি অন্য কোনো ভাষায়, ব্রেইল অথবা বড় প্রিন্টে অথবা **CD** তে পাওয়ার জন্য, অনুগ্রহ করে সামনের মলাটের ভিতর দিকে দেওয়া মতে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।